

সিলেটের সব পর্যটনকেন্দ্র বন্ধ ঘোষণা

- A Monitor Desk Report

Date: 19 June, 2024



সিলেট: সবুজ পাতার শীতল পাটি বিস্তৃত সিলেট এখন ভালো নেই। মনভোলানো সিলেটের পর্যটনকেন্দ্রগুলোর এখন ভয়ংকর রূপ।

ভারী বর্ষণে ভারত থেকে নেমে আসা পাহাড়ি ঢলে সীমান্তবর্তী উপজেলা গোয়াইনঘাট ও কোম্পানীগঞ্জ এখন বন্যা উপদ্রুত এলাকা। রাস্তাঘাট ডুবে চলাচল বিচ্ছিন্ন হয়ে পড়েছে।

এরই মধ্যে ভয়াবহ বন্যায় প্লাবিত হয়েছে সিলেটের কোম্পানীগঞ্জ ও গোয়াইনঘাট উপজেলার বিস্তীর্ণ অঞ্চল। তাই বন্যা পরিস্থিতি বিবেচনায় এ দুই উপজেলার সবকটি পর্যটনকেন্দ্র অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছে দুই উপজেলা প্রশাসন।

যে কারণে গোয়াইনঘাট উপজেলার জাফলং, বিছানাকান্দি, জলাবন রাতারগুল, পান্থুমাই এবং কোম্পানীগঞ্জের সাদা পাথর, উৎমা ছড়াসহ জনপ্রিয় পর্যটনকেন্দ্রগুলোতে আপাতত যেতে পারবেন না পর্যটকরা।

মঙ্গলবার (১৮ জুন) গোয়াইনঘাট উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. তৌহিদুল ইসলাম বলেন, 'সিলেটের গোয়াইনঘাটে আকস্মিক বন্যা পরিস্থিতির অবনতি ঘটায়, জনস্বার্থে এবং জননিরাপত্তা নিশ্চিত করার জন্য পর্যটনকেন্দ্রগুলো অনির্দিষ্টকালের জন্য বন্ধ করা হয়েছে। '

একইভাবে কোম্পানীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা সুনজিৎ কুমার সিংহ গণমাধ্যমকে বলেন, ‘মঙ্গলবার (১৮ জুন) দুপুরে উপজেলা পর্যটন কমিটির সভা অনুষ্ঠিত হয়। পরিস্থিতি বিবেচনায় জননিরাপত্তার জন্য উপজেলার পর্যটনকেন্দ্রগুলো অনির্দিষ্টকালের জন্য বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপজেলার পর্যটনকেন্দ্রগুলো বন্ধ থাকবে।’

-B